

“স্মার্ট ভবিষ্যত প্রজন্ম গড়ে তুলতে কিশোর-কিশোরীদের পুষ্টি”

## পাবলিক স্পিকিং প্রতিযোগিতা নির্দেশিকা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান পাওয়ার সুযোগ পেতে পারে। ২০১৭ সাল থেকে বিড ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ১৭ - ১৮ এপ্রিল, ২০২৪ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ অনুষ্ঠিত হবে। শিশু, কিশোর-কিশোরী এবং তরুণ-তরুণীদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে পাবলিক স্পিকিং সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ ‘পাবলিক স্পিকিং প্রতিযোগিতায়’ অংশগ্রহণ করতে পারবে। ‘পাবলিক স্পিকিং প্রতিযোগিতায়’ অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

### বয়সের গ্রুপঃ

গ্রুপ ক	গ্রুপ খ	গ্রুপ গ
৬-১০	১১-১৮	১৯-২৪

### প্রতিপাদ্য বিষয়ঃ

গ্রুপ কঃ “স্বাস্থ্যকর খাবারের গুরুত্ব”

গ্রুপ খঃ “পানিই খাদ্য, পানিই জীবন”

গ্রুপ গঃ “বসতবাড়ির বাগান তৈরিতে আমার ভূমিকা (খাদ্য উৎপাদন থেকে গ্রহণ পর্যন্ত)”

চূড়ান্ত পর্বের বিষয়বস্তু মূল অনুষ্ঠানের এক সপ্তাহ আগে প্রাথমিকভাবে নির্বাচিত অংশগ্রহণকারীদের জানিয়ে দেয়া হবে।

### যোগ্যতাঃ

- INO ২০২৪ রেজিস্ট্রেশন লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে।

- বয়সসীমার মধ্যে যে কোনো প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)।

### রেজিস্ট্রেশনঃ

প্রতিযোগীদের ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৪ এর ওয়েবসাইট থেকে রেজিস্ট্রেশন করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় ‘পাবলিক স্পিকিং প্রতিযোগিতা’ নির্বাচন করতে হবে। রেজিস্ট্রেশন করতে ক্লিক করুনঃ [www.nutritionolympiad.net](http://www.nutritionolympiad.net)।

রেজিস্ট্রেশনের শেষ সময়ঃ মার্চ ১৫, ২০২৪ (রাত ১১ টা, ঢাকা সময়)

### প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ

ভাষাঃ বাংলা বা ইংরেজি।

### জমা এবং প্রাথমিক নির্বাচন:

অংশগ্রহণকারীরা অনলাইনে জুমের মাধ্যমে অথবা ব্যক্তিগতভাবে তাদের নিজ নিজ স্কুলে প্রাথমিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। স্বশরীরে পাবলিক স্পিকিং প্রতিযোগিতায় প্রতিটি স্কুল সেরা ৩ জন বক্তা নির্বাচন করবে। বক্তার বক্তব্য ইমেল বা গুগল ড্রাইভের মাধ্যমে জমা দেওয়া যেতে পারে। অনলাইনে অংশগ্রহণকারীদের প্রতিযোগিতার সময় তাদের ক্যামেরা চালু রাখতে হবে। ১৮ বছরের কম বয়সী অংশগ্রহণকারীদের পিতামাতা/অভিভাবকের সম্মতি নিতে হবে। অংশগ্রহণকারীদের ২ মিনিটের মধ্যে বক্তব্য উপস্থাপন করতে হবে।

বক্তব্য জমা দেয়ার শেষ সময়ঃ মার্চ ২০, ২০২৪ (রাত ১১ টা, ঢাকা সময়)

### চূড়ান্ত প্রতিযোগিতাঃ

প্রতিটি গ্রুপ থেকে ৫ জন অংশগ্রহণকারীকে INO ২০২৪-এ স্বশরীরে অংশগ্রহণের জন্য নির্বাচিত করা হবে। চূড়ান্ত প্রতিযোগিতার জন্য ‘পাবলিক স্পিকিং প্রতিযোগিতায়’- নির্বাচিত অংশগ্রহণকারীদের একটি বিষয় দেওয়া হবে এবং বক্তব্য উপস্থাপনের জন্য ৩ মিনিট সময় দেয়া হবে।

### স্কোরঃ

ক্রম	ধরণ	নাম্বার
০১	মূল বিষয়বস্তু	৩০
০২	বিষয়বস্তু উপস্থাপনা	২০
০৩	সঠিক তথ্য ও বর্ণনা	২৫
০৪	উচ্চারণ	১৫
০৫	নিয়ম অনুসরণ	১০
মোট		১০০

### বিশেষ দ্রষ্টব্যঃ

- যেকোন ধরনের অসৎ আচরণ করার চেষ্টাকে অযোগ্য বলে বিবেচিত করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রাথমিক প্রতিযোগিতার সময় সর্বক্ষণ ক্যামেরা চালু থাকতে হবে।
- চূড়ান্ত পরে প্রতিটি গ্রুপ থেকে একজন করে সর্বোচ্চ নাম্বার প্রাপ্ত প্রতিযোগীকে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৪ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

### যোগাযোগঃ

‘পাবলিক স্পিকিং প্রতিযোগিতা’ সম্পর্কে আপনার যে কোন তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুনঃ +৮৮০১৭৮২৫১০০৮৯, +৮৮০২৮৭১৪১৬৯

অথবা ই-মেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd)

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৫টি (পাঁচ) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।